

স্কুলে শৌচাগার সমস্যায় ৪০ ভাগ ছাত্রী মাসে ৩ দিন অনুপস্থিত থাকে আইসিডিডিআরবির গবেষণা

কালের কণ্ঠ ডেস্ক >

বাংলাদেশে স্কুলগামী ৪০ শতাংশ কিশোরী প্রতি মাসে গড়ে তিন দিন ক্লাসে যায় না। এর কারণ ছাত্রীরা ভালো শৌচাগার পায় না। আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশের (আইসিডিডিআরবি) এক গবেষণায় এসব তথ্য উঠে এসেছে। তাতে দেখা গেছে, স্বতন্ত্র ব্যবস্থায় সাধারণ শিক্ষা ও ধারণার অভাবে বাংলাদেশে মেয়েদের চরম সমস্যার মুখোমুখি হতে হয়। স্থানীয় সরকার বিভাগ ও বেসরকারি সংস্থা ওয়াটারএইড জরিপে সহায়তা করেছে। সূত্র : এনটিভিভিডিওটকম।

আইসিডিডিআরবির জরিপে পাওয়া তথ্যমতে, এ মুহূর্তে ৪৫ শতাংশের বেশি স্কুলে শৌচাগার বন্ধ রয়েছে। তবে সরকার এরই মধ্যে স্কুলের শৌচাগারের মানোন্নয়নের নির্দেশনা দিয়েছে। সরকারি নির্দেশনায় ছাত্রীদের জন্য পৃথক শৌচাগার নির্মাণের জন্য শিক্ষা কর্মকর্তা, স্কুল কমিটি ও শিক্ষকদের বলা হয়েছে। শৌচাগারে সাবান, পানি, ময়লার পাত্র রাখার সুখাও নির্দেশনায় উল্লেখ করা হয়েছে। একই সঙ্গে স্বতন্ত্র নিয়ে মেয়েদের সচেতন করতে শিক্ষক নিয়োগের জন্য বলা হয়েছে।

আইসিডিডিআরবির গবেষক মাহবুব উল আলম বলেন, সরকারের এই অঙ্গীকার ও নির্দেশনা গুরুত্বপূর্ণ। কারণ এটা স্বতন্ত্র নিয়ে ধারণা বদলে যাওয়ার ইঙ্গিত দেয়। স্বতন্ত্র নিয়ে এখনো কুসংস্কার রয়েছে। স্বতন্ত্রবের কাপড় মেয়েরা উন্মুক্ত জায়গায় শুকাতো চায় না অথবা সেগুলো যথাযথভাবে রাখতে চায় না। কারণ এটাকে তারা লজ্জাজনক মনে করে। মেয়েদের স্কুলে অনুপস্থিতির সঙ্গে এর একটা সুস্পষ্ট সম্পর্ক রয়েছে। এ-সংক্রান্ত জ্ঞান বৃদ্ধি করে এবং এটা গ্রহণযোগ্য করে তুললে স্কুলে অনুপস্থিতির বিষয়টি শীঘ্রই সমাধান করা সহজ হবে।



জরিপটির নেতৃত্ব দেন আইসিডিডিআরবির সাবেক পানি ও স্বাস্থ্যবিষয়ক গবেষণা দলের প্রধান ড. দিন ইউনিকম্ব, সংক্রামক রোগ কেন্দ্রের সাবেক পরিচালক ও স্ট্যানফোর্ড ইউনিভার্সিটির প্রফেসর ড. স্টিভ সুবি।